১৮

ভোরের কাগজ

তারিখ ... 21 APR 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

## চট্টগ্রামে পুরো সেট বিক্রি হচ্ছে ৮০০ টাকায়

# ফাঁস হওয়া প্রশ্নপত্রেই এসএসসির বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত

কাগজ প্রতিবেদক : ফাঁস হওয়া প্রশ্নপত্রেই গতকাল সোমবার, এসএসসির বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ইতিপূর্বে চট্টগ্রাম ও কুমিল্লা বোর্ডের আওতাধীন কয়েকটি জায়গায় যে প্রশ্নপত্র বিলি বা বিক্রি হয়েছে গতকাল পরীক্ষার হলে পরীক্ষার্থীরা হুবহু সেই প্রশ্নেই পরীক্ষা দিয়েছে। এদিকে আগামী পরীক্ষাগুলোর পুরো সেট প্রশ্নপত্র ফাঁস হওয়ার খবর পাওয়া গেছে চট্টগ্রামের মিরেরসরাই ও সীতাকুণ্ড এলাকায়। পুরো সেট সেখানে ৮০০ টাকা দরে বিক্রি হয়েছে গতকাল।

আমাদের মিরেরসরাই প্রতিনিধির বরাত দিয়ে চট্টগ্রাম অফিস জানায়, ফাঁস হওয়া প্রশ্নপত্র জোগাড়ের জন্য ফেনী, কুমিল্লাসহ নানা জায়গার লোকজন ঐ এলাকায় ভিড় করছে। চট্টগ্রামের জেলা প্রশাসক কে এম হাবিবুল্লাহ প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা স্বীকার করেছেন বলে বার্তা সংস্থা ইউএনবি জানিয়েছে। জেলা প্রশাসক বলেন, জেলার বিভিন্ন জায়গায় বাংলা দ্বিতীয় পত্রের 'ক' 'খ' এবং 'গ' সেটের প্রশ্নপত্র ফাঁস হয়েছে।

মিরেরসরাই প্রতিনিধি জানান, ফাঁস হওয়া প্রশ্নপত্র সংগ্রহের আশায় থানার বিভিন্ন বাজারে সন্ধ্যার পর থেকে লোকসমাগম বাড়তে থাকে। তাছাড়া ফোন, ফ্যাক্স ও কুরিয়ার সার্ভিসের সাহায্যেও লোকজন প্রশ্ন দেশের নানা এলাকায় পৌঁছে দিচ্ছে। এর সবকিছুই হচ্ছে অত্যন্ত গোপনে।

মৌলভীবাজার এবং বড়লেখা প্রতিনিধিরা জানান, সেখানকার কেন্দ্রগুলোতে গতকাল নির্ধারিত সময়ের ২০ মিনিট পরে পরীক্ষা শুরু হয়। পত্রিকায় প্রকাশিত ফাঁস প্রশ্নের সঙ্গে পরীক্ষার প্রশ্নপত্র মিলে যাওয়ায় এ বিলম্ব হয়। তবে ঐ প্রশ্নপত্রেই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে সর্বত্র। দেরিতে শুরু হলেও নির্ধারিত সময়েই পরীক্ষা শেষ করা হয়। মিরেরসরাই ও সীতাকুণ্ডে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত থাকার অভিযোগে গতকাল ২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

এদিকে প্রশ্ন ফাঁসের কারণ অনুসন্ধানের জন্য গোয়েন্দা সংস্থার ৩ জন কর্মকর্তা গতকাল চট্টগ্রাম গেছেন। তারা চট্টগ্রাম বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে গত সন্ধ্যায় বৈঠক করেন। অন্যদিকে চট্টগ্রাম থেকে একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে পুলিশের একটি দল গতকাল নতুন প্রশ্নপত্র নিতে ঢাকার বিজি প্রেসে এসেছেন। ধারণা করা হচ্ছে 'অংক' পরীক্ষা নতুন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

ফেনী প্রতিনিধি জানান, সেখানেও ফাঁস হওয়া প্রশ্নপত্রেই গতকাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। রোববার রাতে সেখানে বাংলা দ্বিতীয় পত্রের প্রশ্ন ২০ টাকা থেকে ২০০ টাকা পর্যন্ত দামে বিক্রি হয়েছে।

এদিকে সংশ্লিষ্ট বোর্ড সূত্র এবং জেলা প্রতিনিধিদের পাঠানো খবরে জানা গেছে গতকাল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে ৫ বোর্ডে মোট ১২১০ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।